গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম-১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

নম্বর ০৫.৮১.০০০০.০০৫.৪১.০০৭.১৯. ৭৬৫

তারিখ: ২৬/১০/২০২০ খ্রি.

পরিপত্র

বিষয়: কল্যাণভাতা, যৌথবীমা এবং দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদানের "Service Simplification Software" ব্যবহারের মাধ্যমে অনলাইন ব্যবস্থাপনা চালু

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩টি সেবার (কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন অনুদান) পৃথক ফরমগুলো একত্রিত করে ১টি ফরমে একই কাগজপত্র দিয়ে আবেদন দাখিল ও একসাথে অনুমোদন প্রদান সংক্রান্ত উদ্ভাবনী উদ্যোগটি ২৫তম বোর্ড সভায় অনুমোদিত হয় এবং পরিপত্র জারির মাধ্যমে সমন্বিত ফরমটি কার্যকর করা হয়।

০২। পরবর্তীতে বাংলাদেশ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ৮ম অধ্যায়ের ২৬০ নং নির্দেশে, এটুআই প্রোগ্রামের সেবাপদ্ধতি সহজিকরণ বাস্তবায়ন বিষয়ক নির্দেশনা, মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৪/২০১৩ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের পন্থা উদ্ভাবন সংক্রান্ত নির্দেশনা মোতাবেক বোর্ডের কল্যাণ-যৌথ-দাফন অনুদানের ফরম-০২ পুনরায় সহজিকরণ করা হয়, যা ৩০তম বোর্ড সভায় অনুমোদিত হয়।

০৩। ৩টি অনুদানের জন্য ১টি ফরমে একই কাগজপত্র দিয়ে আবেদন গ্রহণ এবং একসাথে অনুমোদন সংক্রান্ত উদ্ভাবনী উদ্যোগটি বাস্তবায়নের জন্য সফটওয়্যার (Service Simplification Software) প্রস্তুত করে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর ডাটা সেন্টারে হোস্টিং করা হয়েছে যার URL: sss.bkkb.gov.bd।

০৪। বোর্ডের কল্যাণ-যৌথ-দাফন অনুদান সেবার অনলাইন ব্যবস্থাপনা চালুর বিষয়ে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলো:

(ক) কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন অনুদানের আবেদনের ক্ষেত্রে ১ নভেম্বর, ২০২০ হতে অনলাইনে URL: sss.bkkb.gov.bd ব্যবহার করে আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজপত্রের স্ক্যান কপি সংযুক্ত করে আবেদন দাখিল করতে হবে। অনলাইনের পাশাপাশি আবেদনের হার্ড কপি প্রেরণ করতে হবে;

(খ) প্রাথমিক পর্যায়ে ঢাকা মহানগরের অধিক্ষেত্রে অবস্থিত সকল অফিসের কর্মকর্তা-কর্মচারীগণ এ লিংকের সাহায্যে অনলাইনে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে আবেদন করতে পারবেন। পরবর্তীতে কল্যাণ-যৌথ-দাফন অনুদান এর অনলাইন ব্যবস্থাপনা কার্যক্রম সারা দেশে রেপ্লিকেট করা হবে।

জনস্বার্থে জারিকৃত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
অতিঃ সচিব (প্রশাসন মহোদয়ের দপ্তর)
স্বাস্থ্য ও সেবা বিভাগ
ডাইরী নং ১১৬৪ তারিখ ২৯/১০/২০
যুগ্ম সচিব (প্রশাসন)
যুগ্ম সচিব (পাং)
উপ-প্রধান (HRM)
উপ-সচিব
উপ-সচিব শৃং

২৬/১০/২০২০

সত্যব্রত সাহা
মহাপরিচালক(সরকারের সচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
ফোন: +৮৮-০২-৪৯৩৪৯৩২৩
ই-মেইল: dg@bkkb.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৭.১৯-২৪৬২

তারিখঃ ০৬ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ
১৮ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। উপসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। সিনিয়র সহকারী সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। সহকারী সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৩। লাইব্রেরিয়ান, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

০৬/১১/২০২০

(জাকিয়া পারভীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd